প্রতিষ্ঠানের নাম: রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

২০১৮-১৯ অর্থবছরের জন্য উদ্ভাবনী ধারণার তথ্য

০১. উদ্ভাবনী ধারণার শিরোনাম:	ওয়েব-বেইজড ব্যাংকিং অপারেশন কন্ট্রোল সিস্টেম
০২. পরিচিতি:	প্রধান কার্যালয় হতে ব্যবসায়িক বিভিন্ন সূচকে বন্টনকৃত লক্ষ্যমাত্রাসমূহ ব্যাংকের ১৮টি জোনাল কার্যালয়, ১৮টি নিরীক্ষা কার্যালয়, ২টি বিভাগীয় কার্যালয়, ২টি বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সহ প্রধান কার্যালয়ের বিভিন্ন বিভাগ/দপ্তর/ইউনিট থেকে নিয়মিত মনিটরিং/তদারকি করা হয়। নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক শাখাসমূহ দৈনিক, সাপ্তাহিক, পাক্ষিক ও মাসিক ভিত্তিতে লেনদেনসহ ব্যাংকিং কার্যক্রম সংক্রান্ত বিভিন্ন তথ্য জোনাল কার্যালয়ে প্রেরণ করে। জোনাল কার্যালয়সমূহ জোনের আওতাধীন শাখাসমূহের প্রতিবেদন একীভূত করে প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগসমূহে প্রেরণ করে। ব্যাংকের ৩৮০টি শাখায় সরেজমিন পরিদর্শন বা তাৎক্ষণিক নির্দিষ্ট কোন সূচকে ব্যাংকের পজিশন জানা সম্ভব হয় না। ডাকযোগে বা বিশেষ বাহক মারফত শাখা/কার্যালয় হতে প্রতিবেদন প্রেরণে অতিরিক্ত সময় এবং খরচ হয়। পাশাপাশি সার্বিক ব্যাংকিং কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিতকরণসহ জোনাল পর্যায় ও প্রধান কার্যালয় হতে দ্রুততার সাথে শাখাসমূহের পারফরমেন্স মূল্যায়ন করা সম্ভব হয় না। একইসাথে শাখা/জোনাল কার্যালয় হতে যথাসময়ে তথ্য না পাওয়ায় ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃক যথোপযুক্ত সিদ্ধান্ত গ্রহণ বিলম্বিত হয়।
০৩. উদ্দেশ্য:	✓ ব্যাংকিং অপারেশন নিয়ন্ত্রণ ব্যবস্থা জোরদার করা; ✓ জবাবদিহিতা ও স্বচ্ছতা নিশ্চিতকরণ; ✓ ব্যবসায়িক ও প্রশাসনিক সিদ্ধান্ত গ্রহণ ত্বরান্বিত করা।
০৪. কর্মপদ্ধতি:	'ওয়েব-বেইজড ব্যাংকিং অপারেশন কন্ট্রোল সিস্টেমে' এর মাধ্যমে শাখার কর্তৃক লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের এন্ট্রিকৃত তথ্য রিয়েল টাইমে সেন্ট্রাল ডাটাবেইজে সংরক্ষণ হবে। সেন্ট্রাল ডাটাবেইজ থেকে আলোচ্য সিস্টেমের মাধ্যমে বিভিন্ন Threshold-Value অনুযায়ী সূচক সমূহের ওঠানামা কালার কোড, গ্রাফ, ড্যাশবোর্ড ও প্রতিবেদন আকারে জেনারেট করা সম্ভব হবে। নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কালার কোড, গ্রাফ, ড্যাশবোর্ড ও প্রতিবেদন দেখে ব্যাংকিং কার্যক্রম সম্পর্কিত শাখার সার্বিক তথ্যাদি জানতে পারবেন। উক্ত সিস্টেমের মাধ্যমে ব্যাংক কর্তৃপক্ষযে যে কোন সময় সরাসরি শাখার সার্বিক কার্যক্রম তদারকি ও দৈনন্দিন কার্যক্রম নিবিড়ভাবে পর্যবেক্ষণ করে কাংখিত লক্ষ্যমাত্রা অর্জনে সুনির্দিষ্ট দিক নির্দেশনা প্রদান করা করবে।
০৫. উপকারিতা/সুফল:	✓ যে কোন সময় সরাসরি শাখার সার্বিক কার্যক্রম তদারকি করা সম্ভব; ✓ ব্যাংকের দৈনন্দিন কার্যক্রম নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা সম্ভব; ✓ যথাসময়ে কাংখিত লক্ষ্যমাত্রা অর্জনে সুনির্দিষ্ট দিক নির্দেশনা প্রদান; ✓ ব্যাংকের তথ্য ভান্ডার সমৃদ্ধকরণ; ✓ ব্যাংকিং কার্যক্রমে গতিশীলতা আনয়ন, জবাবদিহিতা ও স্বচ্ছতা নিশ্চিতকরণ; ✓ উপর্যুক্ত ব্যবসায়িক ও প্রশাসনিক সিদ্ধান্ত গ্রহণ; ✓ গ্রাহক সেবার মান উন্নয়ন।
০৬. বাস্তবায়ন ও পরিচালন ব্যয়:	ব্যাংকের নিজস্ব ব্যবস্থাপনায় এবং বিদ্যমান জনবল দ্বারা সফটওয়্যার উন্নয়ন বাস্তবায়ন ও পরিচালন করা হবে। ফলে বাস্তবায়ন ও পরিচালন ব্যয় নাই।
০৭. বাস্তবায়ন সময়কাল (সম্ভাব্য তারিখসহ)	০১-০৮-২০১৮ হতে ৩০-০৬-২০১৯
০৮. সুবিধাভোগীর ব্যয় (যদি থাকে)	সুবিধাভোগীর কোন ব্যয় নাই।
০৯. সম্প্রসারণের সুযোগ (যদি থাকে)	পর্যায়ক্রমে অন্যান্য ব্যাংকে কর্মসূচীটি সম্প্রসারণ করা যেতে পারে।
১০. সম্ভাব্য ঝুঁকি:	নিজস্ব ব্যবস্থাপনায় বাস্তবায়ন ও পরিচালনা করা হবে। ফলে কোন ঝুঁকি নাই

ধারণা প্রদানকারী কর্মকর্তা/কর্মচারী'র নাম ও পদবীঃ কাজী আলমগীর, ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রতিষ্ঠানের নাম: রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

২০১৮-১৯ অর্থবছরের জন্য উদ্ভাবনী ধারণার তথ্য

০১. উদ্ভাবনী ধারণার শিরোনামঃ	রাকাব সার্কুলার আর্কাইভ
০২. পরিচিতিঃ	ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য বাংলাদেশ ব্যাংক, মন্ত্রণালয় এবং ব্যাংকের বিভিন্ন সার্কুলার/ সার্কুলার লেটার/নির্দেশনা প্রদান করা হয়। সার্কুলার/সার্কুলার লেটার/নির্দেশনা বিভিন্ন সময় পরিবর্তন/পরিবর্ধন/ পরিমার্জন করা হয়। অপারেশনাল কার্যক্রমের সংশ্লিষ্টতা বিবেচনায় ব্যাংকের বিভিন্ন বিভাগ/দপ্তর কর্তৃক সময়ে সময়ে নতুন নতুন সার্কুলার ইস্যু করা হয়। ব্যাংকের ওয়েবসাইটে/সেন্ট্রাল সিস্টেমে প্রয়োজনীয় সার্কুলার/সার্কুলার লেটার/নির্দেশনা সংরক্ষণ করা নেই। ফলে ব্যাংকের কর্মকর্তাসহ বিভিন্ন স্তরের জনগণ কাংখিত সার্কুলার/ সার্কুলার লেটার/নির্দেশনা খুঁজে পেতে বিড়ম্বনার সম্মুখীন হয়। সার্কুলার অনুসন্ধানে সময়, আর্থিক ব্যয় বেশি হয় এবং সার্বিক ব্যাংকিং কাজে ব্যঘাত ঘটে। উদ্ভুত সমস্যা নিরসনে রাকাব সার্কুলার আর্কাইভ আইডিয়াটি যথোপযুক্ত।
০৩. উদ্দেশ্যঃ	স্বল্প সময় এবং সহজে ব্যাংকের নির্দেশনা/সার্কুলারসহ বিভিন্ন তথ্য পাওয়া।
০৪. কর্মপদ্ধতিঃ	সার্কুলার/সার্কুলার লেটার/নির্দেশনাসমূহ একীভূতকরণ, সহজীকরণ ও হালনাগাদ করে "রাকাব সার্কুলার আর্কাইভ" নামে একটি সেন্ট্রাল সিস্টেমে সংরক্ষিত থাকবে। আলোচ্য সিস্টেমে সার্কুলারসমূহ নিম্নোক্ত ক্যাটাগরি অনুসারে অনুসন্ধানের সুযোগ থাকবে: ১) বিভাগ অনুযায়ী ২) বছর অনুযায়ী ৩) পত্র নং অনুযায়ী ৪) সময় অনুযায়ী/তারিখ অনুযায়ী ৫) শ্রেণীভেদে
০৫. উপকারিতা/সুফলঃ	মোবাইল/ ল্যাপটপ/ কম্পিউটারের মাধ্যমে যে কোন স্থান থেকে স্বল্প সময় এবং সহজে ব্যাংকের নির্দেশনা/সার্কুলারসহ বিভিন্ন তথ্য পাওয়া যাবে।
০৬. বাস্তবায়ন ও পরিচালন ব্যয়ঃ	ব্যাংকের নিজস্ব ব্যবস্থাপনায় এবং বিদ্যমান জনবল দ্বারা বাস্তবায়ন ও পরিচালন করা হবে। ফলে বাস্তবায়ন ও পরিচালন ব্যয় নাই।
০৭. বাস্তবায়ন সময়কাল (সম্ভাব্য তারিখসহ)	০১-০৮-২০১৮ হতে ৩০-০৬-২০১৯
০৮. সুবিধাভোগীর ব্যয় (যদি থাকে)	সুবিধাভোগীর কোন ব্যয় নাই।
০৯. সম্প্রসারণের সুযোগ (যদি থাকে)	পর্যায়ক্রমে অন্যান্য ব্যাংকে কর্মসূচীটি সম্প্রসারণ করা যেতে পারে।
১০. সম্ভাব্য ঝুঁকিঃ	নিজস্ব ব্যবস্থাপনায় বাস্তবায়ন ও পরিচালনা করা হবে। ফলে কোন ঝুঁকি নাই

ধারণা প্রদানকারী কর্মকর্তা/ কর্মচারী'র নাম ও পদবীঃ মোঃ নাজবুল হক, সিনিয়র প্রোগ্রামার, আইসিটি বিভাগ, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, রাজশাহী।